

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৭.০০.০০১.২০১৩-১৮৪

তারিখ: ২৯-০৭-২০১৯ খ্রি:


বিষয়: কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) ওপির ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-
এর আওতায় ২৭,০০০ (সাতাশ হাজার) ডেংগু আরডিটি (এনএসআই) সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণে ক্রয়ের প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-স্বা:অধি:/রোগ:নি:/ক্রয়/২০১৯-২০২০/৪৫৯৪, তাং-২৯-০৭-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) এর প্রস্তাব মোতাবেক সারা দেশে ডেংগু পরিস্থিতি মোকাবেলায় সিডিসি ওপির ২০১৯-২০২০ অর্থ বছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর আওতায় ২৭,০০০ (সাতাশ হাজার) ডেংগু আরডিটি (এনএসআই) সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণে ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) প্রস্তাবিত ২৭,০০০ (সাতাশ হাজার) ডেংগু আরডিটি (এনএসআই) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (চ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।



(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।